



রপ্তানি উন্নয়ন ব্যুরো

EXPORT PROMOTION BUREAU



নথি নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.৯৮/২০১৯(৯)

তারিখ: ০৩ জুলাই, ২০১৯

বিজ্ঞপ্তি

যে সকল তৈরী পোষাক এবং বস্ত্র প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠান ২০১৯-২০২০ অর্থ বছরের রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন সনদ নবায়নের নিমিত্ত ৩০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠান আগামী ৩১-০৭-২০১৯ তারিখের মধ্যে নির্ধারিত নবায়ন ফি = ৩,০০০/(তিন হাজার) টাকার পে-স্লিপসহ নিম্নবর্ণিত হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ জানানো যাচ্ছেঃ-

- (ক) আবেদনকারীর সত্যায়িত দুই কপি ছবি;
- (খ) ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;
- (গ) ই আর সি সনদের নবায়িত কপি;
- (ঘ) সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;
- (ঙ) বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (চ) ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;
- (ছ) ফায়ার পলিসির নবায়িত কপি;
- (জ) গ্রুপ বীমার নবায়িত কপি;
- (ঝ) যে সকল প্রতিষ্ঠান অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কারখানা ভবনের লে-আউট প্লান ও ষ্ট্রাকচারাল ডিজাইন এর কপি দাখিল করেনি সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অনুমোদিত লে-আউট প্লান ও ষ্ট্রাকচারাল ডিজাইন দাখিল করতে হবে।

২। উল্লেখ্য, আগামী ৩১ আগস্ট, ২০১৯ তারিখের পর নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে কোন প্রকার সেবা (জিএসপি, সিও, সাপটা, সাফটা ও আপটা) প্রদান করা হবে না। আগামী ৩১ জুলাই, ২০১৯ তারিখের পর নির্ধারিত নবায়ন ফি = ৩,০০০/ ও জরিমানা বাবদ = ২,০০০/- টাকাসহ সর্বমোট = ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-স্লিপসহ হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক অফিস চট্টগ্রাম ও শাখা অফিস নারায়ণগঞ্জ থেকে সেবা গ্রহণ করে থাকে তাদের নিবন্ধন সনদ নবায়ন করতে সরাসরি ব্যুরোর সংশ্লিষ্ট অফিসে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।


(অনুপ কান্তি সাহা)
উপ- পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, বিজিএমইএ, কমপ্লেক্স, হাউজ # ৭/৭ এ, ব্লক # এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাছপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আছাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৭. পরিচালক (তথ্য), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৮. উপ-পরিচালক (অর্থ), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. সহকারী পরিচালক, রপ্তানী উন্নয়ন ব্যুরো, সাত্তার টাওয়ার (৫ম তলা), এসএম মালেহ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ।
১১. স্টাফ-অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. পি এ টু মহা-পরিচালক (বস্ত্র), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। (মহা-পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।